96

তারিখ 10 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

দৈনিক ইনকিলাব

## শিক্ষাঙ্গন

### ১৫শ বিসিএস পরীক্ষার তারিখ প্রসংগে

পিএসসি'র প্রদত্ত বিজ্ঞপ্তি অনুযায়ী ১৫শ বিসিএস লিখিত পরীক্ষা আগামী মার্চ মাসের ৩য় সপ্তাহে অর্থাৎ রমজানের পর পরই অনুষ্ঠিত হতে পারে। মুসলমানদের কাছে রমজান একটি পবিত্র মাস। ঘোষিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হলে রোজাদার পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার ঠিক পূর্বের এক মাস রোজা রেখে ঠিক মত প্রস্তুতি নেয়া কষ্টকর।

তাই পিএসসি কর্তৃপক্ষের কাছে অনুরোধ, তীব্র প্রতিযোগিতাপূর্ণ এ পরীক্ষায় যাতে সকল প্রতিযোগী সমান সুযোগ-সুবিধা পায়, এ উদ্দেশ্যে ১৫শ বিসিএস-এর লিখিত পরীক্ষা আরো এক মাস পিছিয়ে আগামী এপ্রিলের ৩য় সপ্তাহে নেয়া হোক।

—মোঃ আল আমীন,
৫০১, শহীদুল্লাহ হল, ঢাঃ বিঃ।

### অবিলম্বে বুয়েট ধর্মঘটের অবসান হোক

দীর্ঘ তিন মাস যাবৎ বুয়েট ছাত্ররা ক্লাসে নেই। দেশের এসব সেরা মেধাবী ছাত্ররা বুয়েটে ঢোকার শুরুতেই দু'বছর হারিয়েছে। বিভিন্ন কারণে আরও কয়েক মাস ইতিমধ্যে নষ্ট হয়েছে। সামগ্রিক স্বার্থে বুয়েট ধর্মঘটের অবসান ঘটিয়ে অনতিবিলম্বে ক্লাস শুরু করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী, সিণ্ডিকেট, শিক্ষকমণ্ডলী, ভিসি, ছাত্র নেতৃবৃন্দ এবং কর্মচারী নেতৃবৃন্দের নিকট আকুল আবেদন জানাচ্ছি। মনে রাখা দরকার, ছাত্রদের এ ক্ষতি অপূরণীয় এবং এটা দেশের ক্ষতি।

—হোসনে আরা বেগম,
ইমাম বোখারী রোড,
মিরপুর, ঢাকা-১২১৮।